



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পরিচালক (পওউ) (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/২০১৬

তারিখ: ১৭/০২/২০১৯ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের জন্য চুক্তিভিত্তিক নিম্নবর্ণিত কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.pust.ac.bd হতে সংগ্রহ করা যাবে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

| পদের নাম ও বেতন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|--|
| পরিচালক (পওউ) (চুক্তিভিত্তিক) বেতন : আলোচনা সাপেক্ষে | ক) যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/ সমমানের সিজিপিএসহ বি.এসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রি থাকতে হবে। খ) ২০০ কোটি বা তদুর্ধ্ব অর্থ ব্যয় সম্বলিত সরকারি কোন প্রকল্প বাস্তবায়নে প্রকল্প পরিচালকের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। গ) প্রার্থীর এমবিএ ডিগ্রি থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। ঘ) বাংলাদেশ সেনাবাহিনী হতে অবসরপ্রাপ্ত প্রকৌশলী অথবা সরকারি প্রতিষ্ঠান হতে অবসরপ্রাপ্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী হলে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। ঙ) বয়স কমপক্ষে ৫০ বছর। |

সাধারণ শর্তাবলী :

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.pust.ac.bd হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহপূর্বক পূরণ করে আগামী ২৭/০২/২০১৯ ইং তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ০৯.০০টা হতে বিকাল ০৫.০০টা পর্যন্ত) আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে) পৌঁছাতে হবে।
২. নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতীপালিত হবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
৩. শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্র, জাতীয় পরিচয়পত্র-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি সম্বলিত ০৮(আট) সেট আবেদনপত্র দাখিল করতে হবে। মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
৪. চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
৫. পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে প্রার্থীকে ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

অতিরিক্ত রেজিস্ট্রার

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।